

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ  
গেজেট  
অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-৩৩১-আইন/২০২০/১২৮-মুসক।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ৯ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১০৬-আইন/২০২০/৯২-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(ক) দফা ১ এর শর্তাবলির অনুচ্ছেদ (খ) এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) উৎপাদনকারী প্রতিষ্ঠান কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত হইলে, উক্ত কেন্দ্রীয় নিবন্ধনের অধীন উহার নিজস্ব মালিকানাধীন কোনো বিক্রয়কেন্দ্র অন্তর্ভুক্ত থাকিতে পারিবে না; এবং”;

(খ) দফা ২ এর উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) যে সকল নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিয়মিত অর্থনৈতিক কার্যক্রমের ফলে প্রত্যেক অর্থ বৎসরে প্রতি কর মেয়াদে নিট প্রদেয় কর ঋণাত্মক হয়।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ১৩৪৬১ )

মূল্য : টাকা ৪.০০